“আমি কি তোমাদেরকে সিয়াম, সালাত ও সাদাকাহর চেয়েও ফাযীলাতপূর্ণ কাজের কথা বলবো না?”

আবূ দারদা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “আমি কি তোমাদেরকে সিয়াম, সালাত ও সাদাকাহর চেয়েও ফাযীলাতপূর্ণ কাজের কথা বলবো না?” সাহাবীগণ বললেন, হ্যাঁ অবশ্যই হে আল্লাহর রাসূল! তিনি বললেনঃ “পরস্পরের মধ্যে মীমাংসা করা। কারণ পরস্পরের মধ্যে ঝগড়া বাধানো হল ধ্বংসের কারণ”।
[সহীহ] [এটি আবূ দাঊদ ও তিরমিযী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের জিজ্ঞাসা করলেন: আমি কি তোমাদেরকে এমন কিছুর কথা বলবো যা অধিক নফল সিয়াম, সালাত এবং সদকার সাওয়াবের চেয়েও উত্তম? তারা বললেন: হ্যাঁ। তিনি বললেন: বিবাদকারীদের মধ্যে পুনর্মিলন, কারণ বিবাদ মানুষের মধ্যে বিভেদ, শত্রুতা, ঘৃণা এবং বিচ্ছিন্নতা সৃষ্টি করে। মানুষের মধ্যে সম্পর্কের অবনিতর ফলে যে ঘৃণা তৈরি হয় তা হল এমন একটি বৈশিষ্ট্য যা দীন ও দুনিয়া ধ্বংস করে ও উপড়ে ফেলে, যেমন ক্ষুর চুল উপড়ে ফেলে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/66252